# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০৪০

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মসজিদ থেকে যার বাড়ি যত বেশি দুরে হবে, মহান আল্লাহ তাকে তত বেশি সাওয়াব দিবেন কেননা মসজিদে আসার জন্য যে পদক্ষেপগুলো ফেলা হয়, মহান আল্লাহ সেগুলিরও সাওয়াব লিপিবদ্ধ করেন

## ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْأَبْعَدَ فَالْأَبْعَدَ فِي إِتْيَانِ الْمَسَاجِدِ أَعْظَمُ أَجْرًا مِنَ الْأَقْرَبِ فَالْأَقْرَبِ لِكَتْبَةِ اللَّهِ جَلَّ وَعَلَا آثَارَ مَنْ أَتَى الْمَسْجِدَ للصلوات

আরবী

2040 - أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ حَدَّثَنَا حِبَّانُ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ أَخْبَرَنَا الْجُرَيْرِيُّ عَنْ أَبِي نَضْرَةَ عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ قَالَ: (أَرَدْنَا النُّقْلَةَ إِلَى الْمَسْجِدِ وَالْبِقَاعُ حَوْلَ الْمَسْجِدِ خَالِيَةٌ فَبَلَغَ ذَلِكَ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأَتَانَا فِي دَارِنَا فَقَالَ: (يَا بَنِي سَلِمَةَ بَلَغَنِي أَنَّكُمْ تُرِيدُونَ النُّقْلَةَ إِلَى الْمَسْجِدِ) فَقَالُوا: يَا رَسُولَ اللَّهِ بَعُدَ عَلَيْنَا الْمَسْجِدُ وَالْبِقَاعُ حَوْلَهُ خَالِيَةٌ فَقَالَ: (يَا بَنِي سَلِمَةَ دِيَارَكُمْ دِيَارَكُمْ تُكْتَبْ آثَارُكُمْ) قَالَ: فَمَا وَدِدْنَا أَنَّا بِحَضْرَةِ الْمَسْجِدِ لَمَّا قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ما قال)
الراوي : جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2040 | خلاصة حكم المحدث: صحيح

বাংলা

২০৪০. জাবির বিন আব্দুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমরা মাসজিদের কাছে স্থানান্তর করতে চাইলাম, এসময় মাসজিদে নববীর পাশে জায়গা ফাঁকা ছিল। অতঃপর খবরটি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে পৌঁছলে তিনি বলেন, “হে বানূ সালামাহ, আমার কাছে এই সংবাদ পৌঁছেছে, আপনারা মাসজিদের কাছে স্থানান্তর করতে চাচ্ছেন!” তখন তারা বললেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমাদের থেকে মাসজিদ দূরে হয়ে গেছে আর মাসজিদের আশেপাশের জায়গা খালিও আছে।” তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “হে বানূ সালামাহ, আপনারা আপনাদের আপনাদের জায়গাতেই থাকুন, আপনারা আপনাদের আপনাদের জায়গাতেই থাকুন, আপনাদের পদচিহ্নগুলোও লিপিবদ্ধ করা হবে!” রাবী

বলেন, “তারপর আমরা আর মাসজিদের কাছে বসবাস করার ইচ্ছা করিনি, যখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এমন কথা বলেন।”[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/৩৩২; সহীহ মুসলিম: ৬৬৫; আবূ আওয়ানা: ১/৩৮৭; সুনান বাইহাকী: ৩/৬৪; মুসান্নাফ আব্দুর রাযযাক: ১৯৮২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা‘লীকাতুল হিসান: ২০৪০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91358

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন